



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

২নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 58617908, 9615576

নং-বামাশিবো/প্রশাসন/ব্রাহ্মণবাড়িয়া-২৯/১০৮

তারিখ: ১০ বৈশাখ ১৪৩৩
২৩ এপ্রিল ২০২৬

বিষয়: কারণ দর্শানো প্রসঙ্গে।


সূত্র: বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের স্মারক নং- বামাশিবো/প্রশা/৩৩০২৫১০৩৪২৬১/১১৮৮৬৯, তারিখ: ০৫-১০-২০২৫ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে, ব্রাহ্মণবাড়িয়া জেলার নবীনগর উপজেলাধীন বার আউলিয়া ইসলামিয়া আলিম মাদ্রাসার সভাপতি মনোনয়নসহ গভর্নিং বডি অনুমোদন সূত্রোক্ত স্মারকে দেয়া হয়। অনুমোদিত গভর্নিং বডির সভাপতি জনাব মোঃ মহসিন এর নামে হত্যা ও প্রতারণা মামলা রয়েছে, চলমান মামলাগুলো হলো, সি. আর-৭৮৬/২০২৫ ইং, বিজ্ঞ সি.এম.এম আদালত (আমলী যাত্রাবাড়ী), ঢাকা, জি. আর নাম্বার-১৮৬/২০০১ ইং (নবীনগর)। উক্ত মামলায় বিজ্ঞ আদালত সভাপতি মহসিন মোল্লাকে ৫ (পাঁচ) বছরের সাজা প্রদান করেন, যা বর্তমানে বাংলাদেশ সুপ্রীম কোর্টের আপীল বিভাগে চলমান আছে।

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড (দাখিল ও আলিম স্তরের বেসরকারি মাদ্রাসার গভর্নিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা, ২৫ এর ১৬ (ঘ) ধারা অনুযায়ী কোন ব্যক্তি, ক্ষেত্রমত, গভর্নিং বডি বা ম্যানেজিং কমিটির সভাপতি বা সদস্য হইতে বা সদস্য থাকিতে পারিবেন না, যদি তিনি বোর্ডের আপিল অ্যান্ড আরবিট্রেশন কমিটি কর্তৃক অথবা কোনো ফৌজদারি অপরাধের কারণে উপর্যুক্ত আদালত কর্তৃক দণ্ডিত হইয়া থাকেন মর্মে বিধান আছে।

বর্ণিত অবস্থায়, প্রবিধানমালা, ২৫ এর ১৬ (ঘ) ধারা অনুযায়ী সভাপতি জনাব মোঃ মহসিন কে কেন তার সভাপতির পদ বাতিল করা হবে না তার সন্তোষজনক জবাব আগামী ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে


২৩.৪.২৬

প্রফেসর ছালেহ আহমাদ

রেজিস্ট্রার

ফোন: ৯৬১২৮৫৮

ই-মেইল: registrar@bmeb.gov.bd

সভাপতি

বার আউলিয়া ইসলামিয়া আলিম মাদ্রাসা

ডাকঘর: ব্রাহ্মণহাতা, উপজেলা: নবীনগর, জেলা: ব্রাহ্মণবাড়িয়া;

নং-বামাশিবো/প্রশাসন/ব্রাহ্মণবাড়িয়া-২৯/১০৮

তারিখ: ১০ বৈশাখ ১৪৩৩
২৩ এপ্রিল ২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, ব্রাহ্মণবাড়িয়া;
২. উপজেলা নির্বাহী অফিসার, নবীনগর, ব্রাহ্মণবাড়িয়া;
৩. জেলা শিক্ষা অফিসার, ব্রাহ্মণবাড়িয়া;
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, নবীনগর, ব্রাহ্মণবাড়িয়া;
৫. অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ, বার আউলিয়া ইসলামিয়া আলিম মাদ্রাসা, ডাকঘর: ব্রাহ্মণহাতা, উপজেলা: নবীনগর, জেলা: ব্রাহ্মণবাড়িয়া;
৬. সদস্যবৃন্দ, বার আউলিয়া ইসলামিয়া আলিম মাদ্রাসা কমিটি, ডাকঘর: ব্রাহ্মণহাতা, উপজেলা: নবীনগর, জেলা: ব্রাহ্মণবাড়িয়া;
৭. পি ও টু চেয়ারম্যান/ পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৮. অফিস কপি।



মোঃ আব্দুর রশিদ

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

ফোনঃ ৯৬৭৪৮৭৪

ই-মেইল: dradmin@bmeb.gov.bd